গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নড়াইল

এবং

যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

## সূচিপত্র

জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৬

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৭

## জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে সারাদেশে উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে। বিগত তিন অর্থবছরে মোট ২৪৩ টি নতুন সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং ৪৪৬০ জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। ২০১৭-১৮ অর্থ বছরের ২২৫ টি এবং ২০১৮-১৯ অর্থ বছরের ৩৭৬ টি ও ২০১৯-২০ অর্থ বছরে ৩০৯ টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। প্রায় ৬৪০ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের মাধ্যেমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও ‘রূপকল্প ২০২১’, ‘এসডিজি’ অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩ বছরে ৬৯৭ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা হয়েছে। এছাড়া আশ্রয়ণ প্রকল্পে বিগত ০৩ বছরে ২০,১২,০০০/- ঋণ দাদন করা হয়েছে ও ঋণ আদায় করা হয়েছে ১৪,৪১,৬৩৬/- টাকা।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে নড়াইল জেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে নড়াইল জেলা সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ জেলায় নিবন্ধিত সমবায় এর সংখ্যা প্রায় ১৫৯০ টি । নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ এ বিপুল সমবায়কে নিয়মিত অডিট করা, নিবিড়ভাবে মনিটরিং করা এবং সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায়ী হিসেবে গড়ে তোলা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, প্রয়োজনীয় যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠপর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপক ভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় সমিতি অবসায়ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করা, ই-রেজিষ্ট্রেশন কার্যক্রম চালু এবং ই-সার্ভিসের আওতায় বিদ্যমান সমবায় সমিতিগুলোর প্রোফাইল ব্যবস্থাপনার জন্য অনলাইনে রিরেজিষ্ট্রেশন কার্যক্রম চালু করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। পাশাপাশি উপজেলাভিত্তিক নির্দিষ্ট সংখ্যক সমবায় সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে জেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা এবং ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায়ী উদ্যোক্তা সৃষ্টি ও স্ব-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত অনগ্রসর জনগোষ্ঠীর মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তরে সুনির্দিষ্ট প্রস্তাব দাখিল করা হবে।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৬০ টি সমবায় সমিতি নিবন্ধনসহ ৩ টি উৎপাদনমুী সমবায় সমিতি গঠন, ৪ টি মডেল সমিতি সৃজন করা হবে।
- ৩৭৫ জনকে চাহিদাভিত্তিক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হবে।
- ৯৫% সমবায় এর নির্বাচন অনুষ্ঠান, নিরীক্ষিত কার্যকর সমবায় এর মধ্যে ১০০% এর এজিএম আয়োজন এবং ৩১ আগষ্ট ২০২১ এর মধ্যে ৫০% সমবায় এর হিসাব বিবরণী প্রাপ্তি নিশ্চিত করা হবে।
- ১৬৮ টি সমবায় এর পরিদর্শন এবং কার্যকর ৩৪২ টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদন নিশ্চিত করা হবে।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নড়াইল

এবং

যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা-এর মধ্যে ২০২১ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ।
২. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন
৩. সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সমবায় আদর্শে/দর্শনে উদ্বুদ্ধকরণ ও সমবায় গঠন।
২. নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা।
৩. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা।
৪. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃজনে সহায়তা করা।
৫. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান।
৬. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি করা।
৭. গ্রামীণ মহিলা ও সাধারণ জনগোষ্ঠীর ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন।
৮. সমবায় পণ্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করা।
৯. সমবায় অধিদপ্তরের অভিলক্ষ্য অর্জন ও কার্যাবলী বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | | |
| আত্ম-কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে বেকারত্ব দূর করে আর্থ-সামাজিক উন্নয়ন। | সমবায় সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান | জন | ৩৪৫ | ৩৫২ | ৩৭৫ | ৪০০ | ৫০০ | সমবায় বিভাগ, মহিলা ও শিশু মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন। |
| সমবায় সমিতি নিরীক্ষার মাধ্যমে অনিয়ম উদঘাটন ও ব্যবস্থাপনা কমিটির জবাবদিহি নিশ্চিতকরণ | [২.২.৪] কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | % | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | সমবায় বিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, এলজিইডি, বিআরডিবি ও কাল্ব। | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন। |
| সমবায়ে সুশাসন প্রতিষ্ঠা করা | ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠিত | % | ৯৫% | ৯৫% | ৯৫% | ১০০% | ১০০% | সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন। |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ। | ২৫ | [১.১] তদারকি ও মানোন্নয়ন | [১.১.১] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | তারিখ | তারিখ | ৩ | ২৬.০৭.১৯ | ১৪.০৮.২০ | ১৪.০৮.২১ | ২৬.০৮.২১ | ৩০.০৮.২১ | ০৬.০৯.২১ | ১৩.০৯.২১ | ০৭.০৮.২২ | ৩০.০৭.২৩ |
| | | | [১.১.২] নির্ধারিত ছকে বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন সংকলিত | তারিখ | তারিখ | ২ | ২৬.০৭.১৯ | ১৪.০৮.২০ | ১৪.০৮.২১ | ২৬.০৮.২১ | ৩০.০৮.২১ | ০৬.০৯.২১ | ১৩.০৯.২১ | ০৭.০৮.২২ | ৩০.০৭.২৩ |
| | | | [১.১.৩] মডেল সমবায় সমিতি সৃজন | সমষ্টি | সংখ্যা | ১ | ৫ | ৩ | ৩ | ২ | ২ | ১ | ১ | ৪ | ৫ |
| | | | [১.১.৪] অকার্যকর সমিতি বাতিল | গড় | % | ১ | ৪০ | ৪০ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ৪৫ | ৫০ |
| | | | [১.১.৫] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | তারিখ | তারিখ | ১ | ২৬.০৭.১৯ | ১৪.০৮.২০ | ১৪.০৮.২১ | ২৬.০৮.২১ | ৩০.০৮.২১ | ০৬.০৯.২১ | ১৩.০৯.২১ | ০৭.০৮.২২ | ৩০.০৭.২৩ |
| | | [১.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [১.২.১] সমবায় সমিতি পরিদর্শন সম্পাদিত | সমষ্টি | সংখ্যা | ৩ | ১২০ | ১৩০ | ১৬৯ | ১৬০ | ১৫০ | ১৪০ | ১৩০ | ১৮০ | ২০০ |
| | | | [১.২.২] কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৮ | ৮৭ | ১০০ | ১০০ |
| | | | [১.২.৩] ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত/অন্তর্বর্তী কমিটি গঠিত | সমষ্টি | % | ১ | ৯৫ | ৯৫ | ৯৫ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | | [১.২.৪] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরনী প্রাপ্তি নিশ্চিতকৃত | তারিখ | তারিখ | ১ | ৩১.০৮.১৯ | ৩১.০৮.২০ | ৩১.০৮.২১ | ৩০.০৯.২১ | ৩১.১০.২১ | ৩০.১১.২১ | ৩১.১২.২১ | ৩১.০৮.২২ | ৩১.০৭.২৩ |
| | | | [১.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম অনুষ্ঠিত | সমষ্টি | % | ১ | ৯২ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ১০০ | ১০০ |
| | | | [১.২.৬] নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও ব্যবস্থা গ্রহণ | সমষ্টি | সংখ্যা | ১ | ১৮৯ | ১৮৫ | ২২০ | ২০০ | ১৫০ | ১২৫ | ১০০ | ৩০০ | ৩৫০ |
| | | | [১.২.৭] নিরীক্ষা সংশোধনী প্রস্তাব দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | ১৫০ | ১৭০ | ১৮০ | ১৭০ | ১৬০ | ১৫০ | ১৪০ | ২০০ | ২৫০ |
| | | [১.৩] রাজস্ব আদায় | [১.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ১০০ | ১০০ |
| | | | [১.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ১০০ | ১০০ |
| [২] উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন | ২৪ | [২.১] নিবন্ধন | [২.১.১] উদ্বুদ্ধকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৬ | ১১ | ১২ | ১৭ | ১৬ | ১৪ | ১৩ | ১২ | ১৮ | ১৯ |
| | | | [২.১.২] নিবন্ধন আবেদন নিষ্পত্তির হার | গড় | % | ৬ | ১০০ | ২০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮০ | ৭০ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | | [২.১.৩] উৎপাদনমূখী সমবায় সমিতি গঠিত | সমষ্টি | সংখ্যা | ৬ | ২ | ৩ | ৩ | ৩ | ৩ | ২ | ২ | ৩ | ৩ |
| | | [২.২] উৎপাদনমূখী খাতে সমবায়ীদের পুঁজি বিনিয়োগের মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থান | [২.২.১] সমবায়ী সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান | সমষ্টি | জন | ৬ | ৩৪৫ | ৩৫২ | ৩৭৫ | ৩৫০ | ৩০০ | ২৮০ | ২৫০ | ৪০০ | ৪৫০ |
| [৩] সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন। | ২১ | [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | সমষ্টি | জন | ৬ | ২৭৫ | ৩০০ | ৩৭৫ | ৩৫০ | ৩২৫ | ৩০০ | ২৭৫ | ৪০০ | ৪৫০ |
| | | [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ/মহিলা) | গড় | % | ৬ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ১০০ | ১০০ |
| | | [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ৬ | ৭ | ৮ | ৮ | ৮ | ৭ | ৬ | ৫ | ১০ | ১২ |
| | | [৩.৪] গবেষণা ও উদ্ভাবন | [৩.৪.১] উদ্ভাবন পাইলটিং/রেপ্লিকেটিং | সমষ্টি | সংখ্যা | ৩ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ২ | ৩ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | ০ | ০ | | | | | | ১০ | ৯ |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | ০ | ০ | | | | | | ১০ | ৯ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | ০ | ০ | | | | | | ৩ | ২ |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | ০ | ০ | | | | | | ৪ | ৩ |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | ০ | ০ | | | | | | ৩ | ২ |

*সাময়িক (provisional) তথ্য

আমি, জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নড়াইল, যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা হিসাবে জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নড়াইল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.......................................................................

জেলা সমবায় কর্মকর্তা
জেলা সমবায় কার্যালয়, নড়াইল

.......................................................................

তারিখ

.......................................................................

যুগ্ম নিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা

.......................................................................

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আসই | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট |
| ২ | এজিএম | বার্ষিক সাধারণ সভা |
| ৩ | এনআইডি | জাতীয় পরিচয়পত্র |
| ৪ | এসডিজি | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা |
| ৫ | কালব | ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ |
| ৬ | টিসিভি | টাইম, কস্ট, ভিজিট |
| ৭ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্টাটিস্টিক্স |
| ৮ | বিসিএ | বাংলাদেশ সমবায় একাডেমী |
| ৯ | সিআইজি | কমন ইন্টারেস্ট গ্রুপ |
| ১০ | সিডিএফ | সমবায় উন্নয়ন তহবিল |

# সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] তদারকি ও মানোন্নয়ন | [১.১.১] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | উপজেলা ও জেলা কার্যালয় | সংকলিত ও প্রণীত অকার্যকর সমবায়ের তালিকা |
| | [১.১.২] নির্ধারিত ছকে বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন সংকলিত | উপজেলা ও জেলা কার্যালয় | সংকলিত ও প্রণীত বার্ষিক পরিসংখ্যান |
| | [১.১.৩] মডেল সমবায় সমিতি সৃজন | উপজেলা ও জেলা কার্যালয় | জেলা ভিত্তিক মডেল সমবায়ের সংখ্যা |
| | [১.১.৪] অকার্যকর সমিতি বাতিল | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে সমবায় ভিত্তিক তালিকা (উপজেলার নাম, বাতিলকৃত সমবায় সমিতির নাম ও বাতিলের আদেশ নং এবং তারিখ) |
| | [১.১.৫] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | উপজেলা ও জেলা কার্যালয় | সংকলিত ও প্রণীত নির্বাচনী ক্যালেন্ডার |
| [১.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [১.২.১] সমবায় সমিতি পরিদর্শন সম্পাদিত | উপজেলা ও জেলা কার্যালয় | জেলা ভিত্তিক পরিদর্শনকৃত সমবায় সমিতির সংখ্যা |
| | [১.২.২] কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা ভিত্তিক তারিখা (অডিট অফিসারের নাম, অডিটকৃত সমবায় সমিতির নাম ও অডিট সম্পাদনের তারিখ) |
| | [১.২.৩] ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত/অন্তর্বর্তী কমিটি গঠিত | উপজেলা ও জেলা কার্যালয় | জেলা ভিত্তিক তালিকা [ সমবায় সমিতির নাম, কমিটির মেয়াদ উত্তীর্ণের তারিখ, ঘোষিত তফশীল মোতাবেক নির্বাচনের তারিখ, প্রযোজ্য ক্ষেত্রে অন্তর্বর্তী কমিটি গঠনের আদেশ নং ও তারিখ (প্রয়োজনে সাব কলাম থাকবে)]। |
| [১.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [১.২.৪] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরনী প্রাপ্তি নিশ্চিতকৃত | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা ভিত্তিক বার্ষিক আর্থিক বিবরণী প্রাপ্তির তালিকা (সমবায় সমিতির নাম, হিসাব বিবরণী প্রাপ্তির তারিখ, নির্ণীত নীট লাভ/ক্ষতি) |
| | [১.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম অনুষ্ঠিত | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা ভিত্তিক তালিকা (সমবায় সমিতির নাম,অডিট সম্পাদনের তারিখ ও এজিএম অনুষ্ঠানের তারিখ)। |
| | [১.২.৬] নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও ব্যবস্থা গ্রহণ | উপজেলা ও জেলা কার্যালয় | জেলা ভিত্তিক সমবায় সমিতির সংখ্যা |
| | [১.২.৭] নিরীক্ষা সংশোধনী প্রস্তাব দাখিলকৃত | উপজেলা ও জেলা কার্যালয় | জেলা ভিত্তিক নিরীক্ষা সংশোধনীর প্রস্তাব দাখিলকৃত সমবায় সমিতির সংখ্যা |
| [১.৩] রাজস্ব আদায় | [১.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | উপজেলা ও জেলা কার্যালয় | জেলা ভিত্তিক ধার্যের বিপরীতে আদায়ের তথ্য |
| | [১.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | উপজেলা ও জেলা কার্যালয় | জেলা ভিত্তিক ধার্যের বিপরীতে আদায়ের তথ্য |
| [২.১] নিবন্ধন | [২.১.১] উদ্বুদ্ধকরণ সভা আয়োজিত | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা/জেলা ভিত্তিক সভার সংখ্যা (উপজেলা/জেলার নাম, সভার সংখ্যা, উপস্থিতির সংখ্যা) |
| | [২.১.২] নিবন্ধন আবেদন নিষ্পত্তির হার | উপজেলা ও জেলা কার্যালয় | ১. বিভাগের নিবন্ধন আবেদন নিষ্পত্তি রেজিস্টার (আবেদনকারীর নাম ও ঠিকানা, আবেদন গ্রহণের তারিখ, নিবন্ধন/প্রত্যাখ্যান, নিস্পত্তির তারিখ)। ২. জেলা ও উপজেলা কর্তৃক নিবন্ধন/প্রত্যাখ্যাত আবেদনের তথ্য (জেলা ভিত্তিক সংখ্যা) |
| [২.১] নিবন্ধন | [২.১.৩] উৎপাদনমূখী সমবায় সমিতি গঠিত | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে সমবায় ভিত্তিক তালিকা (উপজেলার নাম, সমবায় সমিতি নাম, ঠিকানা, নিবন্ধন নং ও তারিখ, উৎপাদিত পণ্য)। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.২] উৎপাদনমূখী খাতে সমবায়ীদের পুঁজি বিনিয়োগের মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থান | [২.২.১] সমবায়ী সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান | উপজেলা ও জেলা কার্যালয় | উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে সমবায় ভিত্তিক তালিকা (উপজেলার নাম, সমবায় সমিতির নাম, ঠিকানা, উপকারভোগীর নাম, স্ব-কর্মসংস্থানের সংখ্যা, স্ব-কর্মসংস্থানের খাত)। |
| [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | উপজেলা ও জেলা কার্যালয় | জেলা ভিত্তিক প্রশিক্ষণের সংখ্যা ও উপস্থিতির সংখ্যা |
| [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ/মহিলা) | উপজেলা ও জেলা কার্যালয় | জেলা ভিত্তিক তালিকা প্রেরিত প্রশিক্ষণার্থীর সংখ্যা |
| [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | মনোনয়নের তালিকা |
| [৩.৪] গবেষণা ও উদ্ভাবন | [৩.৪.১] উদ্ভাবন পাইলটিং/রেপ্লিকেটিং | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | জেলা ভিত্তিক তালিকা |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | বিআরডিবিভুক্ত কেন্দ্রীয় সমবায়সমূহের নিরীক্ষা ৩১, ডিসেম্বর তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | কাল্ব | কাল্বভুক্ত কার্যকর সমবায়সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সিআইজিভুক্ত কার্যকর সমবায় সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | মৎস্য অধিদপ্তর | সিআইজিভুক্ত কার্যকর সমবায় সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | প্রাণিসম্পদ অধিদপ্তর | সিআইজিভুক্ত কার্যকর সমবায় সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | কার্যকর পানি ব্যবস্থাপনা সমবায়সমূহের নিরীক্ষা ৩১, অক্টোবর তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ